# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ২৯৩

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** জনাব মোখলেছুর রহমান মিষ্টি কেনার জন্য ফুলকলীতে গেলেন। কেনাকাটা শেষে যে বিল আসে ঐ পরিমাণ নগদ টাকা তার কাছে ছিল না। এতমাবস্থায় তিনি একটি প্লাস্টিকের কার্ডের মাধ্যমে বাকি টাকা পরিশোধ করেন। বাড়িতে যাওয়ার আগে হঠাৎ দেখলেন নদী থেকে আহরিত তাজা মাছ বিক্রি হচ্ছে। মাছ কেনার প্রবল ইচ্ছা হওয়ায় তিনি পার্শ্ববর্তী একটি বুথ থেকে তাৎক্ষণিক টাকা উত্তোলন করে মাছ ক্রয় করেন।

ক. SWIFT এর পূর্ণরূপ লেখ। ১

খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর ব্যবস্থা গুরুত্বপূর্ণ কেন? ২

গ. জনাব মোখলেছুর রহমান মিষ্টি কেনার সময় ইলেকট্রনিক ব্যাংকিং এর কোন সেবা গ্রহণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মোখলেছুর রহমান কর্তৃক পরবর্তী সময়ে গৃহীত সেবাটি মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধি ও সহজতর করেছে-উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**২.▶** এনডিবি ব্যাংক লিমিটেড একটি তালিকাভুক্ত ব্যাংক। কেন্দ্রীয় ব্যাংকের আইনগত নির্দেশনার কারণে ব্যাংকটিকে প্রতি বছর নিট মুনাফার কমপক্ষে ২০% সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হয়। অন্যদিকে জনাব মুরাদ একজন শিক্ষিত বেকার। এনডিবি ব্যাংক লিমিটেড তাকে মুরগির খামার করার জন্য ৫ লক্ষ টাকা ঋণ দিলেন। আবার মিসেস আদিবা নামে একজন স্বল্প আয়ের চাকরিজীবীকে ফ্রিজ কেনার জন্য ৫০ হাজার টাকা ঋণ দিলেন। এরূপ বিভিন্ন খাতে ঋণ দিয়ে ব্যাংকটি ব্যাপক মুনাফা অর্জন করছে।

ক. ব্যাংক তহবিল কী? ১

খ. "জামানত হলো ঋণের নিশ্চয়তা"-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ব্যাংকটির সঞ্চিতির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংকটির মুনাফা অর্জনের ক্ষেত্রে বিভিন্ন খাতে ঋণ প্রদানের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩.▶ মেঘনা ব্যাংক দেশে-বিদেশে শাখা স্থাপনের মাধ্যমে জনগণের কাছ থেকে আমানত সংগ্রহ, ঋণ প্রদানসহ অন্যান্য ব্যাংকিং কার্যাবলি সম্পাদন করে আসছে। অন্যদিকে খুলনা ব্যাংক শুধু খুলনা সদর উপজেলায় তাদের একমাত্র অফিসের মাধ্যমে আমানত সংগ্রহ, ঋণ প্রদানসহ অন্যান্য ব্যাংকিং কার্যাবলি সম্পাদন করে।

ক. ব্যাসেল-২ কী? ১

খ. ব্যাংক অর্থ ও ঋণের ব্যবসায়ী কেন? বুঝিয়ে লেখ। ২

গ. কার্যাবলির ভিত্তিতে মেঘনা ব্যাংক কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংক দুটির মধ্যে কোন ব্যাংক দেশের অর্থনৈতিক উন্নয়নে অধিক ভূমিকা রাখবে? যুক্তিসহকারে উত্তর দাও। ৪

৪.▶ পদ্মা সেতু নির্মাণের জন্য সরকার নিজস্ব তহবিলকে প্রধান উৎস হিসেবে বিবেচনা করছে। এ জন্য প্রয়োজনীয় তহবিল সংগ্রহের দায়িত্ব সরকার 'ক' ব্যাংকের উপর ন্যস্ত করে। পদ্মা নদীর তীরবর্তী অনুন্নত জনগোষ্ঠীর উন্নয়নের জন্য 'ক' ব্যাংক তার অধীনস্ত সকল ব্যাংককে অপেক্ষাকৃত কম সুদের হারে ঋণ প্রদানের নির্দেশ জারি করে।

ক. ব্যাংক হার নীতি কী? ১

খ. ঋণ নিয়ন্ত্রণে খোলাবাজার নীতির প্রভাব বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের 'ক' ব্যাংকের তহবিল সংগ্রহের কাজ কোন ধরনের কার্যাবলি? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'ক' ব্যাংকের উপরিউক্ত নির্দেশনা জারির যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৫.▶ জনাব সাফিনের ব্যাংক হিসাবে স্থিতির পরিমাণ দশ লক্ষ টাকা। ব্যবসায়ের প্রয়োজনে তিনি ব্যাংক ম্যানেজারের সাথে আলোচনা করে পনের লক্ষ টাকা তার হিসাব থেকে উত্তোলন করেন। পরবর্তী সময়ে ব্যবসায় লাভের দশ লক্ষ টাকা দীর্ঘমেয়াদে একই হিসাবে জমা দিতে গেলে ব্যাংক ম্যানেজার তাকে পৃথক একটি হিসাব খোলার পরামর্শ দেন।

ক. KYC ফর্ম কী? ১

খ. একজন কৃষকের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উত্তম? ২

গ. উদ্দীপকে জনাব সাফিন কোন ধরনের হিসাব পরিচালনা করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংক ম্যানেজার কর্তৃক জনাব সাফিনকে নতুন ব্যাংক হিসাব খোলার পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৬.▶ জনাব সাঈদ একজন গার্মেন্টিস ব্যবসায়ী। তিনি জানেন দেশের রপ্তানি আয়ের ৮০% আসে এ খাত থেকে। তবে তা আমাদের দেশের মুদ্রাকে শক্তিশালী করছে না। এর কারণ জনাব সাঈদের তৈরি পোশাকের জন্য বেশিরভাগ খরচই চলে যায় কাঁচামাল আমদানি বাবদ ব্যয়ে। আবার আরব বিশ্বে বেশ কয়েক বছর ধরে শ্রমিক নেয়া বন্ধ ছিল। সম্প্রতি সৌদি আরব আবার শ্রমিক নিবে বলে ঘোষণা দেয়। এ ঘোষণায় জনাব সাঈদ ভবিষ্যতে মুদ্রার মূল্যমান শক্তিশালী হবে বলে আশা করছেন।

ক. ভাসমান মুদ্রা কী? ১

খ. প্রত্যয়পত্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব সাঈদ টাকা শক্তিশালী না হওয়ার ক্ষেত্রে কোন কারণ উল্লেখ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব সাঈদের প্রত্যাশা অনুযায়ী মুদ্রামান শক্তিশালী হবে কীভাবে? বিশ্লেষণ করো। ৪

৭.▶ জনাব রাজন এমন একটি চেক পেয়েছেন যা সরকারি ব্যাংক কাউন্টার থেকে ভাঙানো যাবে না। প্রাপকের হিসাবে জমা দিয়ে অর্থ সংগ্রহ করতে হবে।

ক. হস্তান্তরযোগ্য ঋণের দলিল কী? ১

খ. সরকারি নোট ও ব্যাংক নোটের মধ্যে পার্থক্য কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব রাজন কী ধরনের চেক পেয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "জনাব রাজনের চেকটি অধিক নিরাপদ"-উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৮.▶ ভবিষ্যৎ অনিশ্চয়তার কথা চিন্তা করে জনাব হাবিব একটি ৫ বছর মেয়াদি ও কম প্রিমিয়ামের বিমা পলিসি গ্রহণ করেন। এক্ষেত্রে শুধু বিমার মেয়াদ উত্তীর্ণ হলেই বিমাদাবি পরিশোধ করা হবে। অন্যদিকে জনাব লাবিব একটি ২০ বছর মেয়াদি বিমা পলিসি গ্রহণ করেন যা মেয়াদের মধ্যে জনাব লাবিব মারা গেলে তার স্ত্রীকে অথবা মেয়াদোত্তীর্ণ হলে তাকেই বিমাকৃত অর্থ বোনাসসহ প্রদানের নিশ্চয়তা প্রদান করে।

ক. বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কী? ১

খ. কোন নীতির ভিত্তিতে স্বামী তার স্ত্রীর জীবনের উপর বিমা করতে পারে? ব্যাখ্যা করো। ২

গ. জনাব হাবিবের বিমা পলিসি মেয়াদের ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. "জনাব লাবিবের বিমা পত্রটি একাধারে নিরাপত্তা ও বিনিয়োগ সুবিধা প্রদান করে"-উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

৯.▶ মাধবদীর ব্যবসায়ী জনাব আরিফের মোটর যন্ত্রাংশ তৈরির একটি কারখানা আছে। অগ্নিজনিত ক্ষতি মোকাবেলার জন্য ৫০ লক্ষ টাকা মূল্যের যন্ত্রপাতির মধ্যে

https://teachingbd24.com

নির্দিষ্ট ৩০ লক্ষ টাকা মূল্য নির্ধারণ করে বিমাচুক্তি সম্পাদন করেন। বৈদ্যুতিক সর্ট সার্কিট হতে অগ্নিকাণ্ড সংঘটিত হয়ে সম্পূর্ণ যন্ত্রপাতি ভস্মীভূত হয়ে যায়। তিনি সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার জন্য বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণ চেয়ে আবেদন করেছেন।

ক. গড়-পড়তা বিমাপত্র কী? ১

খ. অগ্নিবিমায় কোন ঝুঁকিকে বিশেষ প্রাধান্য দেয়া হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আরিফ কর্তৃক গৃহীত বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আরিফ কি সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

১০.▶ কর্ণফুলি শিপিং কর্পোরেশন এর জাহাজ 'মোহনা' ইতালির ভেনিস সমুদ্রবন্দর হতে চট্টগ্রাম বন্দরের নির্দিষ্ট পথে এক মাসের মধ্যে পৌছবে। এ জন্য পদ্মা ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের সাথে চুক্তিবন্ধ হয়। পথিমধ্যে নাবিক ভুল করে জাহাজ নিয়ে অন্য পথে ঢুকে পড়ে এবং বরফ খণ্ডে আঘাত লেগে জাহাজ ডুবে যায়। পদ্মা শিপিং কর্পোরেশন বিমা দাবি আদায়ের আবেদন পেশ করে।

ক. চার্টার পার্টি কী? ১

খ. বিমাকৃত সম্পদের বৈধতা নৌ-বিমা চুক্তির কোন ধরনের শর্ত? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'মোহনা' জাহাজের জন্য কোন প্রকৃতির নৌ-বিমাপত্র গ্রহণ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পদ্মা ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড জাহাজের ক্ষতিপূরণ দিতে বাধ্য কি-না? উদ্দীপকের আলোকে উত্তরের যথার্থতা নিরূপণ করো। ৪

১১.▶ জনাব রাকিব একটি বৃহৎ গার্মেন্টিস ইন্ডাস্ট্রির মালিক। তার প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের কর্মকালীন দুর্ঘটনাজনিত বিপদে তিনি "সান ইন্স্যুরেন্স কোম্পানি'র কাছে বিমা করলেন। পরবর্তী সময়ে "সান কোম্পানি" ব্লু ইন্স্যুরেন্স কোম্পানির সাথে একটি চুক্তি করে। চুক্তিতে উল্লেখ ছিল কোনো দুর্ঘটনার ফলে বিমা দাবির উদ্ভব হলে ব্লু কোম্পানি বিমা দাবির এক তৃতীয়াংশ পূরণ করবে।

ক. স্বাস্থ্য বিমা কী? ১

খ. সার্বিক বিমাপত্রে প্রিমিয়ামের হার বেশি হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব রাকিবের সম্পাদিত বিমা চুক্তিটি দুর্ঘটনা বিমার কোন শ্রেণিভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. "সান ইন্স্যুরেন্স কোম্পানি ও ব্লু ইন্স্যুরেন্স কোম্পানির সম্পাদিত চুক্তির ফলে জনাব রাকিবের বিমা দাবি প্রাপ্তির সম্ভাবনা বাড়বে"-উক্তিটি উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

[ বিশেষ দ্রষ্টব্য ৪ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

**১. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কোনটি?**
ক বিল বাট্টাকরণ
খ শেয়ার অবলেখন
গ বিনিয়োগের ওপর সুদ
ঘ ঋণের সুদ

**২. সরকারের ব্যাংক হিসাবে কেন্দ্রীয় ব্যাংক কোন কার্যাবলি সম্পাদন করে?**
i. তহবিল সংরক্ষণ
ii. হিসাব নিরীক্ষণ
iii. হিসাব সংরক্ষণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. কোন ধরনের জীবন বিমাপত্রে প্রিমিয়ামের হার বেশি হয়?**
ক মেয়াদি বিমাপত্রে খ সাময়িক বিমাপত্রে
গ আজীবন বিমাপত্রে ঘ গ্রুপ বিমাপত্রে

**৪. হস্তান্তর অযোগ্য ঋনের দলিল কোনটি?**
ক পে-অর্ডার খ চেক
গ বিনিময় বিল ঘ ব্যাংক ড্রাফট

**৫. ব্যাংক হার বাড়ালে—**
i. সুদের হার বাড়ে
ii. ঋণ সরবরাহ হ্রাস পায়
iii. বৈদেশিক বাণিজ্য বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. চালানী রসিদ কী?**
ক জাহাজ ব্যবহারের লিখিত চুক্তিপত্র
খ পণ্য খালাসের নিশ্চয়তাপত্র
গ মালামালের বিবরণ সংবলিতপত্র
ঘ জাহাজ আংশিক ব্যবহারের চুক্তিপত্র

**৭. ATM হলো—**
ক Accounts Transfer Method
গ Automated Teller Machine
গ Automatice Transfer Method
ঘ Automatic Teller Machine

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
X ব্যাংকের ব্যবস্থাপক মি. মিলন জমি নিবন্ধনের মাধ্যমে বন্ধক রেখে মি. সজিবকে ৭ কোটি টাকা ঋণ দেয়। মি. সজিব উক্ত ঋণ পরিশোধে ব্যর্থ হয়। ব্যাংক জমিটি বিক্রয় করে ৫ কোটি টাকা আদায় করতে সক্ষম হয়।

**৮. উদ্দীপকের বন্ধকটি কোন ধরনের বন্ধক?**
ক শর্তাধীন খ ভাসমান
গ সাধারণ ঘ স্থায়ী

**৯. উত্তম জামানতের কোন বৈশিষ্ট্য উদ্দীপকে লঙ্ঘিত হয়েছে?**
ক বাজারমূল্য খ বিক্রয়যোগ্যতা
গ মালিকানা স্বত্ব ঘ দখল স্বত্ব

**১০. দিন দিন দেশে স্বল্পমেয়াদি মূলধনের গতিশীলতা বৃদ্ধি পাচ্ছে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে দেশের মুদ্রার মানের ওপর কী প্রভাব পড়বে?**
ক ঝুঁকি দেখা দিবে খ মুদ্রার মান কমবে
গ অপরিবর্তীত থাকবে ঘ দ্রব্যমূল্য কমবে

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
বৈমানিক এস, কে হারুন এককালীন ১০ লক্ষ টাকা দিয়ে ২ বছরের জন্য একটি বিমাপত্র খোলেন। ২ বছর অতিবাহিত হওয়ার পর তিনি বিমাদাবি করলে বিমাকারী বিধি মোতাবেক দাবি প্রত্যাখ্যান করে।

**১১. উদ্দীপকে এস, কে হারুনের বিমাপত্রটি কোন ধরনের?**
ক সাধারণ মেয়াদি খ সাময়িক
গ বিশুদ্ধ মেয়াদি ঘ বহুমুখী সুবিধা

**১২. উদ্দীপকের বিমাপত্রটির জন্য বিশেষভাবে প্রযোজ্য—**
i. নির্দিষ্ট মেয়াদের মধ্যে বিমাগ্রহীতা মারা গেলে
ii. সাধারণত এরূপ বিমা বহুকিস্তি সম্পন্ন হয়
iii. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত ব্যক্তিরা এরূপ বিমা করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. দাগ কাটা চেক করে নিরাপত্তা নিশ্চিত করে?**
ক বাহক খ আদেষ্টা
গ আদিষ্ট ঘ প্রাপক

**১৪. সমস্যা গ্রস্থ ঋণের কারণগুলো হলো—**
i. ঋণ ফেলত দেয়ার ইচ্ছা ও দেওয়ার সামর্থ্য
ii. ব্যাংক ব্যবস্থাপনার অদক্ষতা ও অক্ষমতা
iii. ঋণ ফেরত দেওয়ার অনিচ্ছা ও দেওয়ার অসামর্থতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
রুপসা ব্যাংক জনাব ইব্রাহীমকে ২৫,০০০ টাকা ঋণ মঞ্জুর করে। এই অর্থ ইব্রাহিমকে নগদে না দিয়ে তার আমানত হিসাবে স্থানান্তর করা হয়। রুপসা ব্যাংক বিধিবন্ধ তারল্য সঞ্চিতি হিসেবে ২০% অর্থ সংরক্ষণ করে থাকে।

**১৫. উদ্দীপকে জনাব ইব্রাহীম প্রদত্ত ঋণ থেকে রুপসা ব্যাংক কি পরিমাণ আমানত সৃষ্টি করতে পারবে?**
ক ১,২৫,০০০ খ ৫,০০০
গ ২৫,০০০ ঘ ৫০,০০০

**১৬. উদ্দীপকে রুপসা ব্যাংক যে পদ্ধতিতে ঋণ আমানত সৃষ্টি করেছে তার শর্তাবলি হলো—**
i. দেশে একাধিক বাণিজ্যিক ব্যাংক এবং তাদের অসংখ্য শাখা থাকতে হবে
ii. দেশে সুষ্ঠ ও সঠিক মুদ্রা বাজারের উপস্থিতি থাকতে হবে
iii. ব্যাংকের মাধ্যমে লেনদেনে জনগণের অভ্যস্ত হতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭. নৌ বিমার একটি সম্পত্তির বিমাকৃত মূল্য ৫০,০০০ টাকা। ক্ষতির পরিমাণ ২০,০০০ টাকা। ক্ষতি সংঘটনকালে বাজার মূল্য ১,০০,০০০ টাকা হলে জাহাজটির সমনিবত ক্ষতি কত হবে?**
ক ১০,০০০ টাকা খ ২০,০০০ টাকা
গ ৩০,০০০ টাকা ঘ ৪০,০০০ টাকা

https://teachingbd24.com

১৮. জনাব ইসলাম কয়লা কিনতে সিলেট যাবেন। তিনি ব্যাংক থেকে একটি ১০ লক্ষ টাকার দলিলে উল্লিখিত ব্যাংকের শাখায় নিয়ে ভাঙাবেন। উক্ত দলিলের বৈশিষ্ট্য হলো—
i. এটি হস্তান্তর অযোগ্য দলিল
ii. এতে আদেষ্টা ও আদিষ্ট উভয়ই ব্যাংক
iii. এরূপ দলিল বাট্টাকরণ করা যায় না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৯. সরকারি নোটে কে স্বাক্ষর করেন?
ক অর্থমন্ত্রী  খ প্রধানমন্ত্রী
গ অর্থ সচিব  ঘ গভর্নর

২০. আমদানি অপেক্ষা রপ্তানি বেশি হলে ঘটবে?
ক দেশীয় মুদ্রার চাহিদা বিদেশে বৃদ্ধি পাবে
খ বিনিময় হার প্রতিকূল হবে
গ দেশীয় মুদ্রার চাহিদা বিদেশে হ্রাস পাবে
ঘ মুদ্রাস্ফীতির পরিমাণ বৃদ্ধি পাবে

২১. বাংলাদেশ প্রতিবছর প্রচুর জ্বালানি তেল আমদানি করে। হঠাৎ করে একটি তেল ক্ষেত্র আবিষ্কৃত হওয়ায় তেলের আমদানি হ্রাস পায়। অন্য সকল বিষয় অপরিবর্তিত থাকলে কোনটি ঘটবে?
i. বৈদেশিক মুদ্রার মূল্য দেশীয় মুদ্রার বিপরীতে হ্রাস পাবে
ii. বৈদেশিক মুদ্রার চাহিদা হ্রাস পাবে
iii. বৈদেশিক মুদ্রার যোগান হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২২. বাংলাদেশ ব্যাংক নির্দেশ দিয়েছে তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের প্রদত্ত ঋণের ৫% অবশ্যই কৃষিখাতে বরাদ্দ করতে হবে। এটি কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের কোন নীতির মধ্যে পড়বে?
ক ব্যাংক হার
খ ঋণের বরাদ্দকরণ
গ জামানতি ঋণের প্রান্তিক হার
ঘ খোলাবাজার

২৩. পুনঃবিমার ক্ষেত্রে বিমাগ্রহীতা কে?
ক প্রথম বিমা কোম্পানি
খ দ্বিতীয় বিমা কোম্পানি
গ জাহাজ মালিক
ঘ বিমাকৃত বিষয়বস্তুর প্রকৃত মালিক

উদ্দীপকটি পড়ো এবং ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
চামড়া শিল্পের প্রসার ও উন্নতি দেখে X নামক বাণিজ্যিক ব্যাংক প্রতিষ্ঠানটি এ খাতে প্রচুর ঋণ প্রদান করে প্রথম দিকে বেশ মুনাফা করলেও আন্তর্জাতিক বাজারে চামড়ার দর পতনের কারণে এ ব্যাংকটি আর্থিকভাবে ব্যাপক সমস্যায় পড়েছে।

২৪. ব্যাংকটি অধিক সমস্যা থেকে পরিত্রাণ পেতে ভবিষ্যতে করতে পারে—
i. ঋণ গ্রহীতার উদাসীনতা রোধ
ii. ঋণদান নীতি অনুসরণ
iii. গ্রাহকদের সন্তুষ্টি অর্জনের চেষ্টা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৫. স্থলাভিষিক্ততার নীতি নিচের কোন ধরনের ক্ষতির বেলায় প্রযোজ্য?
ক বিশেষ আংশিক ক্ষতি  খ সাধারণ আংশিক ক্ষতি
গ প্রকৃত সামগ্রিক ক্ষতি  ঘ ত্যাগ স্বীকার

২৬. লিয়েন কী?
ক সম্পত্তির ওপর ঋণ গ্রহীতার অধিকার
খ সম্পত্তির ওপর ঋণ দাতার অধিকার
গ সম্পত্তির ওপর মালিকের অধিকার
ঘ সম্পত্তির ওপর আদালতের অধিকার

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব শাহীন একজন আমদানিকারক। আমদানি পণ্যের মূল্য পরিশোধে ব্যাংক থেকে প্রয়োজনীয় স্বল্পমেয়াদি ঋণ প্রাপ্তির নিশ্চয়তাসহ তিনি একটি ব্যাংক হিসাব খুলতে চাইলে ব্যাংক ব্যবস্থাপক চলতি হিসাবের কথা বলেন যেখানে কোনো সুদ পাওয়া যাবে না। কিন্তু জনাব শাহীন এমন হিসাব খুলতে চাচ্ছেন যেখানে জমাকৃত উদ্বৃত্ত অর্থের ওপর সীমিত আয়ের সুযোগ পাওয়া যাবে। ব্যাংক ব্যবস্থাপক তখন অন্য একটি হিসাবের ব্যাপারে পরামর্শ দেন।

২৭. উদ্দীপকের জনাব শাহীনের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উপযোগী?
ক সাধারণ চলতি  খ বিশেষ চলতি
গ সাধারণ স্থায়ী  ঘ বিশেষ স্থায়ী

২৮. উদ্দীপকে জনাব শাহীনের জন্য শেষোক্ত হিসাব খোলার যৌক্তিকতার কারণ কোনটি?
i. জমাতিরিক্ত ঋণের সুবিধা পাওয়া যায়
ii. নির্দিষ্ট হারে সুদের ব্যবস্থা রয়েছে
iii. শর্ত সাপেক্ষে যতবার খুশি অর্থ জমা ও উত্তোলন করা যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৯. ইলেক্ট্রনিক ব্যাংকিং সম্পর্কে উপযুক্ত তথ্য হলো—
i. এ ধরনের সেবা প্রদানে বেসরকারি ব্যাংকগুলো এগিয়ে রয়েছে
ii. এ সেবা অফিস সমূহের মধ্যে সহজলভ্য
iii. ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পাওয়ার সুবিধা থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৩০. মিস সুহানা কাপড় কিনতে ঢাকা হতে কুমিল্লা যাবেন। ব্যাংক হতে তিনি ৫ লক্ষ টাকার দলিল সংগ্রহ করেছেন, যা দলিলে উল্লিখিত ব্যাংক শাখায় নিয়ে ভাঙাবেন। মিস সুহানা ব্যাংক হতে কোন ধরনের দলিল সংগ্রহ করেছেন?
ক পে-অর্ডার  খ ব্যাংক নোট
গ চেক  ঘ ব্যাংকের আজ্ঞাপত্র

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com